গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০১.৪৩.০০১.২১-৪৮০

তারিখ: ১১ /১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কর্মকর্তাগণের সরকারি নির্ধারিত বাসায় বসবাস এবং বাড়ি-ভাড়া কর্তন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউট এ কর্মরত অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জগণের জন্য সরকারি নির্ধারিত বাসা বরাদ্দ থাকা সত্ত্বেও যারা বসবাস করেন না এবং সরকারি নির্ধারিত বাসায় থাকা সত্ত্বেও বাড়িভাড়া কর্তন করেন না তাঁদের কে নির্ধারিত বাসায় বসবাস ও বাসাভাড়া বিধি মোতাবেক কর্তন করার জন্য বলা হলো। নির্ধারিত বাসায় বসবাস করুন বা না করুন মাস শেষে বেতন বিল হতে আবিশ্যিকভাবে তার জন্য বরাদ্দকৃত বাসার বাসাভাড়া কর্তন করার বিধান রয়েছে।

০২। এমতাবস্থায়, ইতিপূর্বে যারা সরকারি নির্ধারিত বরাদ্দ প্রাপ্ত বাসা থাকা সত্ত্বেও বাড়িভাড়া কর্তন করেননি তাঁদেরকে আগামী ০৩-০৩-২০২১ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে কর্মরত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ হতে ব্যাংকে চালানের মাধ্যমে টাকা পরিশোধ পূর্বক (চালানের কপি সংযুক্তসহ) অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। জারিকৃত এ আদেশ অমান্য করলে শৃংখলা ভঙ্গের অভিযোগে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গৃহিত হবে এবং পিডিআর এ্যাক্ট অনুযায়ী বকেয়া আদায় করা হবে।

২৪/০২/২০২১
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০১.৪৩.০০১.২১- ৪৮০/১(১০০)

তারিখ: ১১ /১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্তে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), -------------- বিভাগ, -------------------------
০২। পরিচালক, ------------------------------------------------------------
০৩। সিভিল সার্জন, --------------------------------------------------------
০৪। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, --------------------
০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,এজিবি ভবন,সেগুন,বাগিচা,ঢাকা [বেতন বিল হতে বিধি মোতাবেক নির্ধারিত (Air Marked) বাসার বাসা ভাড়া কর্তনের জন্য অনুরোধ করা হলো]।
০৬। উপপরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৭। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা [বেতন বিল হতে বিধি মোতাবেক নির্ধারিত (Air Marked) বাসার বাসা ভাড়া কর্তনের জন্য অনুরোধ করা হলো] ------------------।
০৮। সহকারী পরিচালক (নার্সিং), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, ------------ বিভাগ,-----------
০৯। অধ্যক্ষ, নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিউট, -------------------------------------
১০। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনষ্টিটিউট, -------------------------------------
১১। জেলা পাবলিক হেল্‌থ নার্স, সিভিল সার্জন অফিস,----------------------------------
১২। সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক,------------------------------------------
১৩। নার্সিং সুপারভাইজার, ---------------------------------------------------
১৪। জনাব ------------------------------------------------------------------

২৪/০২/২০২১
মহাপরিচালক

Mostafa-18 (Admin File)